

যেতে যেতেই

যতই ছুটুক যেমন ছুটুক যেদিক খুশি যাক  
ছেটার মুখে নদী পড়ুক পাহাড় পড়ুক  
মাঠের ধারে পড়ুকগেমশান  
পার হবে সে লাফ দিয়ে বা সাঁতার কিংবা  
যেমনভাবে পারে  
নামতে হলে নামবে ঠিকই নোংরা খালি বিলে  
কিংবা কোনো মিস্তি জলের ঝরণা ধারায়  
অবগাহন স্নান----

যতই ছুটুক যেমন ছুটুক যেদিক খুশি যাক  
দুঃখবাড়ি চারদুয়ারি পার হবে সে  
পূব থেকে পশ্চিম  
দেখ তে হবে চোখ দিয়ে বা হাত বুলিয়ে ঠিকই  
ভুল হলে ভুল শুধরে নিয়ে বলতে হবে তাকে  
শিমুল পলাশ লাল তো বটেই  
কার মুখে কার ঠোঁটে লজ্জাও রক্তিম---

রক্তের হাজরা

